

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ২৪, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ
ঢাকা-১০০০।

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/১২ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩৩৮-আইন/২০২৩।—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৮০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার—

(১) প্রবিধান ৩ এর—

(ক) দফা (ক) এবং (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) এবং (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যান্য ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ (Cumulative Grade Point Average (CGPA)) সহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ (Cumulative Grade Point Average (CGPA)) সহ ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী:

তবে শর্ত থাকে যে, বিদেশি বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীধারীদের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হইতে সমতাকরণ সার্টিফিকেট দাখিল করিতে হইবে:

(২৮৫২৭)

মূল্য : টাকা ৪.০০

আরো শর্ত থাকে যে, কোনো বীমা কোম্পানিতে মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে কোনো ব্যক্তির নিয়োগ ইতোপূর্বে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়া থাকিলে, তাহার ক্ষেত্রে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য হইবে;

- (খ) ইতোপূর্বে কোন বীমা কোম্পানিতে মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে বা উহার অব্যবহিত নিম্নপদে অন্যান্য ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ বীমা ব্যবসায় অন্যান্য ১২ (বার) বৎসরের অভিজ্ঞতা;

তবে শর্ত থাকে যে, বীমাকারীর প্রস্তাবের প্রেক্ষিতে কর্তৃপক্ষ উপযুক্ত মনে করিলে উক্ত শর্তের ব্যত্যয় ঘটাইয়া নিম্নবর্ণিত ক্ষেত্রে মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগ অনুমোদন করিতে পারিবে, যথা:—

- (অ) সরকার বা সরকারি কোন দপ্তর, সংস্থা বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কোনো বীমা কোম্পানি যাহার ৫০% এর অধিক শেয়ারের মালিকানা সরকার বা সরকার সংশ্লিষ্ট সরকারি দপ্তর, সংস্থা, বা প্রতিষ্ঠানের রহিয়াছে এইরূপ বীমা কোম্পানির ক্ষেত্রে;

- (আ) আন্তর্জাতিকভাবে সুপরিচিত বহুজাতিক বীমা কোম্পানিতে উর্ধ্বতন ব্যবস্থাপনা পদে অন্যান্য ১০ (দশ) বৎসরের বীমা বিষয়ক কাজে সরাসরি অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে;”;

- (খ) দফা (ঘ) এ উল্লিখিত ‘১৫ (পনের) বৎসরের’ সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে ‘১২ (বার) বৎসরের’ সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি এবং ‘৫ (পাঁচ) বৎসর’ সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে ‘৩ (তিন) বৎসর’ সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (গ) দফা (ঙ) এ উল্লিখিত ‘১৫ (পনের) বৎসরের’ সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে ‘১২ (বার) বৎসরের’ সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি এবং ‘৩ (তিন) বৎসর’ সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে ‘২ (দুই) বৎসর’ সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) প্রবিধান ৪ এর উপ-প্রবিধান (১) এবং (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-প্রবিধান (১), (১ক) এবং (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) মুখ্য নির্বাহী কর্মকর্তার নিয়োগ বা নিয়োগের নবায়ন চুক্তিভিত্তিক হইবে।

- (১ক) কোনো কোম্পানির পরিচালনা পর্ষদ আইন ও সংশ্লিষ্ট বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ ও উল্লেখপূর্বক বহল প্রচলিত ১টি বাংলা ও ১টি ইংরেজী জাতীয় পত্রিকায় এবং কর্তৃপক্ষের ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করিবে এবং যোগ্য আবেদনকারীগণের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে উক্ত পরিচালনা পর্ষদ একজন যোগ্য প্রার্থীকে নিয়োগের জন্য নির্বাচন করিবে।

- (২) কোন বীমা কোম্পানি উহার মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ বা নিয়োগের নবায়নের পূর্বে কর্তৃপক্ষের নিকট নির্বাচিত প্রার্থীর জীবনবৃত্তান্ত, সম্মানী প্যাকেজ এবং তাহাকে নিয়োগের সুপারিশ সংক্রান্ত বোর্ড সভার কার্যবিবরণীসহ নিয়োগ বা নিয়োগের নবায়নের আবেদনপত্র দাখিল করিবে।”;

(৩) প্রবিধান ৫ এর—

(ক) দফা (ক) এবং (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) এবং (চ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) তিনি বাংলাদেশের নাগরিক বা ডমিসাইল না হন:

তবে শর্ত থাকে যে, বাংলাদেশে বীমা ব্যবসারত বিদেশে নিবন্ধিত কোম্পানি অথবা বিদেশে নিবন্ধিত কোম্পানির শতভাগ মালিকানাধীন বাংলাদেশি বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না;

“(চ) তাহার বয়স সর্বোচ্চ ৬৭ (সাতষট্টি) বৎসর পূর্ণ হয়;”;

(খ) দফা (ছ) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফা (জ) সংযোজিত হইবে, যথা:—

“(জ) কোনো বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা পদে কর্মরত হিসাবে থাকাকালীন দোষী সাব্যস্ত হইয়া আইনের ধারা ৫০ এর উপ-ধারা (১) বা প্রবিধান ৭ অনুযায়ী অপসারিত হইলে।”;

(৪) প্রবিধান ৮ এর উপ-প্রবিধান (২) এর দফা (খ), (গ) ও (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ), (গ) ও (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(খ) মূল বেতন, বাড়ী ভাড়া এবং অন্যান্য ভাতাদি (ভবিষ্য তহবিল, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা, বীমা, এক বা একাধিক ইনসেনটিভ বোনাস, ইত্যাদির পরিমাণ বা সীমা নির্দিষ্ট অংকে উল্লেখসহ) সমন্বয়ে মোট বেতন নির্ধারিত হইবে;

(গ) দফা (খ) এ উল্লিখিত এক বা একাধিক ইনসেনটিভ বোনাস ১ (এক) বৎসরে সর্বমোট ১০ (দশ) লক্ষ টাকার অধিক প্রদেয় হইবে না; এবং

(ঘ) অন্যান্য সুবিধাদি, যেমন-গাড়ী, জ্বালানী, চালক, ইউটিলিটি বিল, ছুটি, পরিবহন সহায়তা, ইত্যাদির পরিমাণ বা সীমা নির্দিষ্ট থাকিতে হইবে।”।

কর্তৃপক্ষের আদেশক্রমে

মোহাম্মদ জয়নুল বারী

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।